বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৮৩

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: 'এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)' এর উদ্বোধন প্রসঙ্গে।**

অদ্য ০১ জানুয়ারি ২০২৫ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে 'এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)' এর উদ্বোধন করা হয়। দুপুর আনুমানিক ০২:০০ টায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এর ওয়েবসাইটে উক্ত বিষয়টির উদ্বোধন করেন। এসময় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি'র চেয়ারম্যান জনাব একেএম হাবিবুর রহমান ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. সাইফুর রহমান মজুমদারসহ কর্মকর্তাবৃন্দ এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব সাত্ত্বিক আহমেদ শাহ্ ও প্রধান নিয়ন্ত্রক কর্মকর্তা (সিআরও) খায়রুল বাশার আবু তাহের মোহাম্মদসহ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। তিনি 'এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)' এর উদ্যোগ বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। তিনি অন্যান্যের মধ্যে বলেন, "দেশের দুই এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination) এর কার্যক্রম খুবই ভালো একটি উদ্যোগ। বর্তমানের চতুর্থ শিল্পবিপ্লবের যুগে তথ্য একটা প্রধান চালিকা শক্তি হিসেবে বিদ্যমান। আমরা তথ্যের অবাধ প্রবাহ বৃদ্ধি করে পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সকলের কাছে তথ্যের প্রবাহ বা তথ্যের প্রাপ্তি নিশ্চিতে কাজ করছি।" এই উদ্যোগের বাস্তবায়নের মাধ্যমে বিনিয়োগকারীরা তালিকাভুক্ত কোম্পানিসমূহের বিষয়ে আরো বেশি তথ্য পাবেন এবং আরো ভালো বিনিয়োগ পরিকল্পনা করতে সক্ষম হবেন বলে উল্লেখ করেন তিনি। এই কার্যক্রমকে প্রথম ধাপ উল্লেখ করে পরবর্তীতে এই ক্ষেত্রে আরো উন্নয়ন করা হবে বলেও জানান তিনি।

এছাড়াও উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এর শীর্ষ কর্মকর্তারা বক্তব্য রাখেন। ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination) এর ক্ষেত্রে শুধু ডিএসই'র ওয়েবসাইটেই লক্ষাধিক নতুন তথ্য দেওয়া হয়েছে বলে ডিএসই'র পক্ষ থেকে জানানো হয়। এক্সচেঞ্জসমূহের পক্ষ থেকে এসময় উল্লেখিত বিষয়ে বিএসইসি'র উদ্যোগ ও প্রচেষ্টার প্রশংসা করা হয়।

আগামীতে উক্ত কার্যক্রমের মাধ্যমে পুঁজিবাজারের বিনিয়োগকারীদের উপকৃত হবেন এবং দেশের পুঁজিবাজারে এটি সুফল বয়ে আনবে বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়। পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি বিনিয়োগকারীদের বিনিয়োগ পরিকল্পনায় কাজে আসার পাশাপাশি পুঁজিবাজার বিষয়ক গবেষণা কিংবা রিপোর্টিং-এ ও কাজে আসবে। একইসাথে বিএসইসি এবং এক্সচেঞ্জসমূহের বাজার মনিটরিংসহ অন্যান্য কাজেও উক্ত তথ্যাবলি কাজে আসবে। দেশের পুঁজিবাজারের উন্নয়ন ও কল্যাণের স্বার্থে আগামীতেও এধরণের আরো অনেক কার্যক্রম ও উদ্যোগ পরিচালিত হবে বলে উক্ত অনুষ্ঠানে উল্লেখ করা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

01-01-2025
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র




INAUGURATION
of
SUBMISSION STATUS OF FINANCIAL
STATEMENTS AT DSE WEBSITE
JANUARY 1, 2025


Dhaka Stock Exchange PLC.
CHITTAGONG
STOCK
EXCHANGE